২০। ''গিরি, এবার আমার উমা এলে আর উমা পাঠাব না
বলে বল্‌বে লোকে মন্দ, কারো কথা শুনবো না।''

— পদকর্তা কে? বক্তার এরূপ বলার কারণ কী?

২১। ''ভবের গাছে বেঁধে দিয়ে মা, পাক দিতেছ অবিরত।
তুমি কি দোষে করিলে আমায় ছ'টা কলুর অনুগত।।''

— উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

**বিভাগ-গ**

নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। চর্যাপদের ধর্ম-দর্শনের পরিচয় দাও।

২৩। ''জ্ঞানদাস বৈষ্ণব পদাবলী সাহিত্যের একজন রোমান্টিক কবি'' — আলোচনা করো।

২৪। আগমনী ও বিজয়া পর্যায়ের পদ রচনায় কবি কমলাকান্ত ভট্টাচার্যের কৃতিত্ব বিচার করো।

২৫। শাক্ত পদাবলীর কাব্যমূল্য বিচার করো।

---

Total Pages : 4 **B.A./2nd Sem (H)/BNG/24(CBCS)**

# 2024

# 2nd Semester Examination

# BENGALI (Honours)

## Paper : C 3-T

**(প্রাচীন ও মধ্যযুগের পদপাঠ)**

**[CBCS]**

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**বিভাগ-ক**

নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। চর্যাপদের আবিষ্কার সাল ও প্রকাশসাল লেখো। এর মোট পদসংখ্যা কত? ১+১

২। 'কা আ তরুবর পঞ্চবি ডাল'— 'কা আ' কথার অর্থ কী? পদটির রাগের নাম কী? ১+১

৩। 'লুই ভনই গুরু পুচ্ছিঅ জান'— কোন্ পদের অংশ? 'ভনই' শব্দটির উৎস কী? ১+১

P.T.O.

৪। টীকা লেখো— সন্ধ্যা ভাষা ২

৫। 'সুসুরা নিদ গেল বহুড়ী জাগঅ' — পদকর্তা কে? উদ্ধৃতাংশটির অন্তর্নিহিত অর্থ লেখো। ১+১

৬। পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগ পর্যায়ের পাঠ্য একটি পদের প্রথম দু'টি পংক্তি লেখো। ১+১

৭। 'এ সখী হামারি দুখের নাহি ওর'— কার লেখা কোন্ পর্যায়ের পদ? 'ওর' শব্দের অর্থ কী? ১+১

৮। ''কর-কঙ্কণ-পণ ফণিমুখ-বন্ধন

শিখই ভুজগ-গুরু পাশে।।''

কোন্ পর্যায়ের পদ? 'ভুজগ-গুরু' বলতে কী বোঝানো হয়েছে? ১+১

৯। বৈষ্ণবীয় রস কী কী?

১০। গোবিন্দদাস ও জ্ঞানদাস কোন্ কোন্ কবির ভাবশিষ্য? ১+১

১১। ''বিছায়ে বাঘের ছাল, দ্বারে বসে মহাকাল,
বেরোও গণেশ-মাতা, ডাকে বার বার।''

— পদটির রচয়িতা কে? উদ্ধৃতাংশটির মধ্যে সমাজের কোন্ চিত্র প্রদর্শিত হয়েছে? ১+১

১২। 'কেবল আসার আশা' শীর্ষক পদটি কোন্ পর্যায়ের? এর মধ্যে দিয়ে বক্তার কীসের আকুতি প্রকাশিত হয়েছে? ১+১

১৩। রামপ্রসাদ ও কমলাকান্তের আগমনী ও বিজয়া পর্যায়ের একটি করে পাঠ্য পদের প্রথম পংক্তি উল্লেখ করো। ১+১



১৪। 'একে সতীনের জ্বালা, না সহে অবলা, যাতনা প্রাণে কত সয়েছে'
— সতীন কে? প্রাণে কে, কেন যাতনা সয়েছে? ১+১

১৫। 'দারুণ বিষের জ্বালা না সহে শরীরে' — বক্তা কে? দারুণ বিষের জ্বালা বলতে কী বোঝানো হয়েছে? ১+১

## বিভাগ-খ

নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

১৬। 'উঞ্চা উঞ্চা পাবত'

— পদটির পদকর্তা কে? অংশটির বাচ্যার্থ এবং অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট করো।

১৭। ''নি অ ঘরণী নামে সহজসুন্দরী'' —

উদ্ধৃতাংশটির পদসংখ্যা কত? বক্তব্যটির মধ্য দিয়ে বক্তা কোন্ বিষয় প্রকাশ করতে চেয়েছেন তা আলোচনা করো।

১৮। ভাবসম্মিলন বলতে কী বোঝো? এই পর্যায়ের পাঠ্য পদ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও।

১৯। ''সদাই ধেয়ানে চাহে মেঘ পানে
না চলে নয়ান-তারা
বিরতি আহারে রাঙা বাস পরে
যেমত যোগিনী পারা''

— কোন্ পর্যায়ের পদ? উদ্ধৃতাংশ অবলম্বনে বক্তার মনোভাব ব্যক্ত করো।

P.T.O.